# আল-হাক্কাহ | Al-Haqqa | ٱلْحَاقَّة

আয়াতঃ ৬৯ : ৫০

## আরবি মূল আয়াত:

وَ اِنَّهٗ لَحَسۡرَۃٌ عَلَی الۡکٰفِرِیۡنَ ﴿۵۰﴾

## অনুবাদসমূহ:

আর এটি নিশ্চয় কাফিরদের জন্য এক নিশ্চিত অনুশোচনার কারণ। — আল-বায়ান

আর এ কুরআন কাফিরদের জন্য অবশ্যই দুঃখ ও হতাশার কারণ হবে (যখন কুরআনে বর্ণিত শাস্তি তাদেরকে ঘিরে ধরবে)। — তাইসিরুল

এবং এই কুরআন নিশ্চয়ই কাফিরদের অনুশোচনার কারণ হবে। — মুজিবুর রহমান

And indeed, it will be [a cause of] regret upon the disbelievers. — Sahih International

### ৫০. আর এ কুরআন নিশ্চয়ই কাফিরদের অনুশোচনার কারণ হবে,

-

তাফসীরে জাকারিয়া

### (৫০) আর এই কুরআন নিশ্চয়ই অবিশ্বাসীদের জন্য আফসোসের কারণ হবে। [1]

[1] অর্থাৎ, কিয়ামতের দিন এ ব্যাপারে অনুতপ্ত হয়ে বলবে যে, ‘কতই না ভাল হত, যদি আমরা কুরআনকে মিথ্যা মনে না করতাম।’ অথবা এই কুরআনই তাদের আফসোস ও অনুতাপের কারণ হবে। যখন তারা ঈমানদারদেরকে কুরআন (পাঠ ও আমল করার) প্রতিদান পেতে দেখবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5373

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন